

অব্র কিবোর্ড ৫

ব্যবহার নির্দেশিকা

তৃতীয় সংস্করণ: ১ জানুয়ারি ২০১১

দ্বিতীয় সংস্করণ: ২৬ মার্চ ২০০৭

পরিমার্জিত প্রথম সংস্করণ: ২০ ফেব্রুয়ারি ২০০৬

প্রথম সংস্করণ: ৯ ফেব্রুয়ারি ২০০৬

OmicronLab

<http://www.omicronlab.com>

অত্র কিবোর্ডের সাথে যেসব ফিক্সড কিবোর্ড লেআউট এসেছে সেগুলো পরিবর্তনযোগ্য। এছাড়াও আপনি আপনার ব্যবহারের জন্য নিজের মত কিবোর্ড লেআউট তৈরি করে নিতে পারবেন। এজন্য আপনাকে “Layout Editor” ব্যবহার করতে হবে। একেবারে নতুন ব্যবহারকারীরাও স্বচ্ছন্দে এবং খুবই কম সময়ে যাতে তাদের পছন্দমত বাংলা কিবোর্ড লেআউট তৈরি করতে পারেন, সেভাবেই এটির ডিজাইন করা হয়েছে।

কিবোর্ড লেআউট সম্পর্কিত সাধারণ জ্ঞান:

কিবোর্ড লেয়ার: অত্র কিবোর্ড চারটি স্ট্যান্ডার্ড কিবোর্ড লেয়ার সাপোর্ট করে -

Normal -

এই লেয়ারে আপনি Shift Key/Caps Lock ছাড়া টাইপ করেন। ইংরেজিতে লেখার সময় এই লেয়ারে “ছোট হাতের অক্ষর” (abcd...) লেখা হয়।

Shift -

এই লেয়ারে আপনি শিফট (Shift) কী চেপে টাইপ করেন। ইংরেজি QWERTY লেআউট এ Q থেকে P, A থেকে L, Z থেকে M কীগুলোর জন্য Caps Lock শিফট (Shift) কী এর কাজ করে। ইংরেজিতে লেখার সময় এই লেয়ারে “বড় হাতের অক্ষর” (ABCD...) লেখা হয়।

AltGr -

ইংরেজি ছাড়া অন্য ভাষাগুলো (যেগুলোতে বর্ণের সংখ্যা ইংরেজির মত ২৬টি নয়, আরও অনেক বেশি) কম্পিউটার এ লেখার সুবিধার্থে এই অতিরিক্ত কিবোর্ড লেয়ার তৈরি করা হয়েছে। আপনি Ctrl+Alt চেপে AltGr কিবোর্ড লেয়ার এর বর্ণসমূহ লিখতে পারেন।


Shift+AltGr -

এই লেয়ারের বর্ণগুলো লেখার জন্য আপনাকে Shift+Ctrl+Alt এর সাথে কোন কী চাপতে হবে।

Layout Editor দিয়ে একটি কিবোর্ড লেআউট তৈরিতে আপনার কাজ শুধু কোন কীতে কোন বর্ণ বসবে তা নির্দিষ্ট করে দেয়া। কিবোর্ড লেআউট তৈরি হয়ে গেলে অত্র কিবোর্ডের সমস্ত বৈশিষ্ট্য এতে নিজ থেকেই যুক্ত হবে (যেমন, হসন্ত + কার/মাত্রা লিখলে মূল স্বরবর্ণ লেখা হবে), এজন্য আপনাকে আলাদা কোন কোড লিখতে হবে না, বা অন্য কিছু করতে হবে না।

Layout Editor চালু করা:

কোন নতুন কিবোর্ড লেআউট লেআউট তৈরি করতে চাইলে, অথবা কোন কিবোর্ড লেআউট পরিবর্তন করতে চাইলে আপনাকে প্রথমেই Layout Editor চালু করতে হবে। নিচের মেনু থেকে আপনি Layout Editor চালু করতে পারেন:



Layout Editor চালু হওয়ার পর তা নিচের মত উইন্ডো নিয়ে আসবে:



আপনার তৈরি প্রথম কিবোর্ড লেআউট:

ধাপ ১:

আপনি যদি ইতিমধ্যে Layout Editor এ কোন পরিবর্তন করে থাকেন তাহলে New Layout বাটনে ক্লিক করুন।

ধাপ ২:

নতুন কিবোর্ড লেআউটটির একটি নাম দিন, ভার্সন লিখুন, আপনার নাম লিখুন।




ধাপ ৩:

এবার প্রতিটি কীতে ক্লিক করে সেটা সিলেক্ট করুন, তারপর নরমাল, শিফট, AltGr, Shift+AltGr লেয়ারগুলোর জন্য পছন্দমত বর্ণ লিখুন। আপনি প্রয়োজন না থাকলে AltGr, Shift+AltGr লেয়ারগুলো বাদ দিতে পারেন।




আপনি এসব কীতে লেখার জন্য সরাসরি অত্র কিবোর্ড ব্যবহার করতে পারেন, সেই সাথে উইন্ডোজ এর সাথে যে ক্যারেক্টার ম্যাপ টুল আছে সেটিও ব্যবহার করতে পারেন। ক্যারেক্টার ম্যাপ ব্যবহার করার জন্য Start Menu > Run > charmap.exe লিখে চালু করুন। তারপর ফন্ট থেকে Siyam Rupali বাছাই করুন। এখানে কোন বর্ণের উপর ডাবল ক্লিক করে, তারপর কপি করে কোন কী এর উপর পেস্ট করতে পারেন।



ধাপ ৪:

এবার আপনার কীবোর্ডের ছবি কোন ইমেজ এডিটর ব্যবহার করে তৈরি করুন, যেখানে কোন কী'তে আপনি কোন বর্ণ/বর্ণসমূহ বসিয়েছেন তা দেখানো আছে। আপনাকে নরমাল এবং শিফট কিবোর্ড লেয়ার এর জন্য একটি এবং AltGr এবং Shift+AltGr লেয়ার এর জন্য আলাদা একটি ইমেজ বানাতে হবে। এই ছবিটি আপনি অত্র কিবোর্ড এর লেআউট ভিউয়ার এর সাহায্যে দেখতে পারবেন।




আপনি চাইলে একটি খালি (Blank) কীবোর্ডের ছবি ডাউনলোড করে নিতে পারেন, যার উপরে আপনি লেআউটের বিভিন্ন বর্ণ বসাবেন। এখান থেকে ডাউনলোড করুন: <http://www.omicronlab.com/go.php?id=20>

ধাপ ৫:

আপনার কিবোর্ড লেআউট তৈরির কাজ শেষ! ফাইলটি সেভ করুন।

এবার উইন্ডোজ এক্সপ্লোরারে ফাইলটির উপর ডাবল ক্লিক করলে সেটা ইন্সটল হয়ে যাবে।



একইভাবে আপনি অন্য কিবোর্ড এর সাথে যেসমস্ত কিবোর্ড লেআউট এসেছে সেগুলো পরিবর্তন করতে পারবেন। এজন্য কিবোর্ড লেআউট এডিটর এর “Load Layout” বাটনে ক্লিক করুন, তারপর যেকোনো একটি লেআউট বাছাই করে উপরের নিয়মেই এডিট করুন।

কিছু সাধারণ তথ্য:

কোন কী'তে -

রেফ বসাতে চাইলে - র্ (র + হসন্ত) লিখুন

র-ফলা বসাতে চাইলে - ্র (হসন্ত + র) লিখুন

য-ফলা বসাতে চাইলে - ্য (হসন্ত + য) লিখুন

আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পেলে ওমিক্রনল্যাব ফোরামে পরামর্শ
চাইতে পারেন।

<http://www.omicronlab.com/forum>